ইউকে বিএনপি কানাইঘাট উপজেলা

পরিবার গঠিত ||সভাপতি বুলবুল,

সম্পাদক নাজমুল

নিজস্ব প্রতিবেদক: যুক্তরাজ্যে অবস্থানরত বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) কানাইঘাট উপজেলার বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের উদ্যোগে ‘ইউকে বিএনপি কানাইঘাট উপজেলা পরিবার’ গঠিত হয়েছে। এ উপলক্ষে লন্ডনের এক অভিজাত রেঁস্তোরায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন যুক্তরাজ্য বিএনপির উপদেষ্টা অধ্যাপক জাকি মোস্তফা (টুটুল)। সভায় সর্বসম্মতিক্রমে সাবেক ছাত্রদলনেতা আব্দুর রহমান বুলবুলকে সভাপতি, নাজমুল হোসেইনকে সাধারণ সম্পাদক ও রিয়াজ উদ্দিনকে সাংগঠনিক সম্পাদক করে তিন সদস্য বিশিষ্ট আংশিক কমিটি গঠন করা হয়। দায়িত্বপ্রাপ্ত নেতৃবৃন্দকে শীঘ্রই একটি পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশনা দেওয়া হয়।

গত রবিবার (১৩ অক্টোবর) এক প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে যুক্তরাজ্য বিএনপির উপদেষ্টা অধ্যাপক জাকি মোস্তফা টুটুল তথ্যটি নিশ্চিত করেন।

সভাপতির বক্তব্যে জাকি মোস্তফা বলেন, যুক্তরাজ্যে বিএনপি অত্যন্ত মজবুত ও সুসংগঠিত। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহামানের নির্দেশে দলকে আরও শক্তিশালী করার লক্ষ্যে তৃণমূল পর্যায়ে কাজ চলছে। এরই ধারাবাহিকতায় যুক্তরাজ্যে অবস্থানরত কানাইঘাট উপজেলা বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের নিয়ে ‘ইউকে বিএনপি কানাইঘাট উপজেলা পরিবার’ গঠন করা হয়েছে। এ কমিটির মাধ্যমে যুক্তরাজ্যের পাশাপাশি কানাইঘাটেও দল গঠনে কাজ করা হবে। এসময় তিনি অন্তবর্তীকালীন সরকারের কাছে প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন করে দ্রæত নির্বাচনের দাবি জানান।

সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন- যুক্তরাজ্য বিএনপি নেতা

মুজিবুর রহমান, ইউসুফ আহমদ (মেম্বার), সিরাজ উদ্দিন, আব্দুর রহমান (বুলবুল), নাজমুল হোসেইন, রিয়াজ উদ্দিন, একলিমুর রাজা (মান্না), দিলদার হোসেন শামীম, ইমদাদ উদ্দিন (রানা), জয়নাল উদ্দিন, সুমন আহমদ, ফজলে রাব্বি (রিমন), নাঈম আহমদ, বুরহান উদ্দিন প্রমুখ।